

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-২ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.১৪৭.২০১৩-১২২

তারিখঃ ০২.০৪.২০১৪ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ এস এম আকতার জামান (১২২৫০০), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মোংলা, বাগেরহাট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩ (সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৫.০১.২০১৪ তারিখে তীর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তীর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হয়নি বিধায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন:

এক্ষণে, সেহেতু ডাঃ এস এম আকতার জামান (১২২৫০০), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মোংলা, বাগেরহাট এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২) (বি) বিধি মোতাবেক তীর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারি হওয়ার তারিখ থেকে ০৩ (তিন) বৎসর সময় পর্যন্ত স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে এ বেতন প্রাপ্য হবেন না।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.১৪৭.২০১৩-১২২/৩ (২০)  
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

তারিখঃ ০২.০৪.২০১৪ খ্রিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ এর অনুরোধ করা হল)।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। উপ-সচিব(পার-৩ অধিশাখা) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিভিল সার্জন, বাগেরহাট।
- ৬। সিনিয়র সহকারী সচিব(পার-৫ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তীর ১৫.১২.২০১০ তারিখ হতে ১২.০৬.২০১৩ তারিখ পর্যন্ত অননুমোদিত অনুপস্থিতকালের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হল)।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মোংলা, বাগেরহাট।
- ০৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোংলা, বাগেরহাট।
- ১০। ডাঃ এস এম আকতার জামান (১২২৫০০), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মোংলা, বাগেরহাট।

(ফারজানা সুলতানা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ-৯৫৪৫০২৮

[sasdisc2@mohfw.gov.bd](mailto:sasdisc2@mohfw.gov.bd)

নং- শৃংখলা-২/অভি-২৯/২০০৮/ ১৬২

তারিখঃ ১০.০৪.২০১৪ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু জনাব মোঃ হাসানুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবালয়, মানিকগঞ্জ (প্রেমণে সহকারী প্রধান, মানব সম্পদ উন্নয়ন ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্মরত) ০৯.০৩.২০০৮ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং তারপর তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি। সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;


যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক জনাব মোঃ হাসানুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবালয়, মানিকগঞ্জ বর্তমানে সহকারী প্রধান, মানব সম্পদ উন্নয়ন ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৯.০৩.২০০৮ হতে সরকারি চাকুরি থেকে 'বরখাস্ত (Dismissal from Service)' করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(এম. এম. নিয়াজউদ্দিন)  
সচিব


উপ-নিয়ন্ত্রক  
বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা।

নং- শৃংখলা-২/অভি-২৯/২০০৮/ ১৬২/১ (৬)

তারিখঃ- ১০.০৪.২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৩। পরিচালক (এম আইএস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মানিকগঞ্জ।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিনিয়র সহকারী সচিব, পরিবার কল্যাণ-২ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। জনাব মোঃ হাসানুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবালয়, মানিকগঞ্জ (প্রেমণে সহকারী প্রধান, মানব সম্পদ উন্নয়ন ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্মরত)।

  
(ফারজানা সুলতানা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৪৫০২৮  
[Sasdisc2@mohfw.gov.bd](mailto:Sasdisc2@mohfw.gov.bd)